# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২৭. আহত ব্যক্তির তায়াম্মুম করা

باب فِي الْمَجْرُوحِ يَتَيَمَّمُ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَاصِمٍ الأَنْطَاكِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ، أَخْبَرَنِي الأَوْزَاعِيُّ، أَنَّهُ بَلَغَهُ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ، أَنَّهُ سَمِعَ عَبْدَ اللهِ بْنَ عَبَّاسٍ قَالَ : أَصَابَ رَجُلاً جُرْحٌ فِي عَهْدِ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم ثُمَّ احْتَلَمَ فَأُمِرَ بِالاِغْتِسَالِ فَاغْتَسَلَ فَمَاتَ فَبَلَغَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ : " قَتَلُوهُ قَتَلَهُمُ اللهُ أَلَمْ يَكُنْ شِفَاءُ الْعِيِّ السُّؤَالَ " .

حسن –

বাংলা

৩৩৭। ’আত্বা ইবনু আবূ রাবাহ সূত্রে বর্ণিত। তিনি ’আব্দুল্লাহ ইবনু আব্বাস রাযিয়াল্লাহু ’আনহুমা-কে বলতে শুনেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে এক ব্যক্তি আহত হয়। ঐ অবস্থায় তার স্বপ্নদোষ হলে তাকে গোসল করার নির্দেশ দেয়া হয়। অতঃপর সে গোসল করলে তার মৃত্যু হয়। এ সংবাদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পৌঁছলে তিনি বলেনঃ এরা লোকটিকে হত্যা করেছে। আল্লাহ যেন এদের ধ্বংস করেন! অজ্ঞতার প্রতিষেধক জিজ্ঞেস করা নয় কি?[1]

হাসান।

## English

Narrated Abdullah ibn Abbas:

A man was injured during the lifetime of the Messenger of Allah (ﷺ); he then had a sexual dream, and he was advised to wash and he washed himself. Consequently he died. When this was reported to the Messenger of Allah

(ﷺ) he said: They killed him; may Allah kill them! Is not inquiry the cure of ignorance?

## ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ তায়াম্মুমে দু’ বার হাত মারা, হাঃ ৫৭২) আবূ রিবাহ থেকে, যাওয়ায়িদ গ্রন্থে রয়েছেঃ মুনকাতি। এবং দারিমী (অধ্যায়ঃ সালাত, অনুঃ আহত ব্যক্তি অপবিত্র হলে করণীয় হাঃ ৭৫২) আহমাদ শাকির এর সানাদকে সহীহ বলেছেন, এবং আহমাদ (১/৩৩০) ‘আত্বা ইবনু আবূ রিবাহ থেকে, ইবনু হিব্বান (২০১), হাকিম (১/১৬৫)। ইমাম হাকিম ও যাহাবী একে সহীহ বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57655

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন